# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 22 May, 2025

হাইকোর্ট বিভাগের বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামানকে অপসারণ করেছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন।বৃহস্পতিবার (২২ মে) সুকালে সুপ্রিম কোর্টের ওয়েব সাইটে এ তথ্য নিশ্চিত করে বলা হয় সংবিধানের ৯৬ এর ৬ অনুচ্ছেদ অনুযায়ী এ সিদ্ধান্ত নিয়েছেন রাষ্ট্রপতি।

আইন ও বিচার বিভাগের সচিব শেখ আবু তাহের প্রজ্ঞাপনে সই করেন।প্রধান বিচারপতি যে সমস্ত বিচারপতিদের বিচার কাজ থেকে বিরত রেখেছিলেন সেখানে খোন্দকার দিলীরুজ্জামানের নাম ছিলো।

এর আগে গত ১৭ অক্টোবর ‘ফ্যাসিস্ট’ বিচারপতিদের পদত্যাগের দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিক্ষোভের পর হাইকোর্ট বিভাগের ১২ বিচারপতিকে বেঞ্চ না দেওয়ার সিদ্ধান্ত নেন সুপ্রিম কোর্ট।এই বিচারপতিদের মধ্যে একজন বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকারের আমলে এবং বাকি ১১ জন বিগত আওয়ামী লীগ সরকারের আমলে নিয়োগ পাওয়া।

হাইকোর্ট বিচারপতি সুপ্রিম কোর্ট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:33

URL: https://www.timestodaybd.com/bangladesh/7094862811